

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬১৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭১. তিনজন মুক্তাদী হলে তারা কিভাবে দাঁড়াবে?

باب إِذَا كَانُوا ثَلَاثَةً كَيْفَ يَقُومُونَ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُضَيْلٍ، عَنْ هَارُونَ بْنِ عَنْتَرَةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الأَسْوَدِ، عَنْ أَبِيهِ، قَالَ اسْتَأْذَنَ عَلْقَمَةُ وَالأَسْوَدُ عَلَى عَبْدِ اللهِ وَقَدْ كُنَّا أَطَلْنَا اللَّعُودَ عَلَى بَبْهِ فَخَرَجَتِ الْجَارِيَةُ فَاسْتَأْذَنَتْ لَهُمَا فَأَذِنَ لَهُمَا ثُمَّ قَامَ فَصَلَّى بَيْنِي وَبَيْنَهُ لُقُمَّةً وَالله عليه وسلم فَعَلَ .

صحيح: م المرفوع منه فقط

বাংলা

৬১৩। 'আবদুর রহমান ইবনুল আসওয়াদ (রাঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, 'আলকামাহ ও আল-আসওয়াদ (রহঃ) 'আবদুল্লাহ (রাঃ)-এর ঘরে প্রবেশের অনুমতি চাইলেন। আমরা দীর্ঘক্ষণ তার দরজায় বসে থাকার পর জনৈক দাসী বের হয়ে আসল। অতঃপর সে (পুনরায় ঘরে ঢুকে 'আবদুল্লাহর নিকট) তাদের জন্য অনুমতি প্রার্থনা করলে তিনি তাদের প্রবেশের অনুমতি দিলেন। অতঃপর তিনি 'আলকাবমাহ এবং আল-আসওয়াদের মাঝখানে দাঁড়িয়ে সালাত আদায় করে বললেন, রাস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে আমি এরূপই করতে দেখেছি।[1]

সহীহ: মুসলিমে এর কেবল মারফু বর্ণনাটি।

English

Narrated Abdullah ibn Mas'ud:

Alqamah and al-Aswad sought permission from Abdullah (ibn Mas'ud) for admission, and we remained sitting at his door for a long time. A slave-girl



came out and gave them permission (to enter). He (Ibn Mas'ud) then got up and prayed (standing) between me (al-Aswad) and him (Alqamah). He then said: I witnessed the Messenger of Allah (ﷺ) doing similarly.

ফুটনোট

[1] আহমাদ (১/৪২৬, ৪৫১, ৪৫৫, ৪৫৯) মুসলিম (অধ্যায়ঃ মাসাজিদ, অনুঃ রুকু'র সময় উভয় হাত হাঁটুর উপর স্থাপন করা) দীর্ঘভাবে, নাসায়ী (অধ্যায়ঃ মাসাজিদ, অনুঃ মসজিদে আংগুল গুলোকে মিলিয়ে রাখা, হাঃ ৭১৮)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন